# উপজেলা পরিষদ

বামনা, বরগুনা।

| | | |
|---|---|---|
| বিষয় | : | আগস্ট, ২০২১ মাসের মাসিক উন্নয়ন/সমন্বয় সভার কার্যবিবরণী। |
| সভা নম্বর | : | ২৩ |
| সভাপতি | : | মোঃ সাইতুল ইসলাম লিটু, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বামনা |
| স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বামনা। |
| তারিখ | : | ২৪-০৮-২০২১ খ্রি.সময়: সকাল ১১.০০ ঘটিকা। |

উপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট "ক"এবং "খ"।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় বিগত সভার (জুলাই-২০২১) কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং বিগত সভার কার্যবিবরণীতে আমুয়া রাস্তায় প্রায় ২০ শতাংশ এবং বলইবুনিয়া রাস্তায় প্রায় ১৫ শতাংশ বনায়ন করেছি না হয়ে বনায়ন ক্ষতিগ্রস্থ হয়েছে। এছাড়া কোন নীতি নির্ধারণী সংশোধন, পরিমার্জন, পরিবর্ধন বা পরিবর্তন না থাকায় সকলের সম্মতিক্রমে উহা অনুমোদন ও দৃঢ় করণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী অংশ গ্রহণমূলক আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | বিভাগ | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা পরিষদ | ১। **সভায় উপজেলা নির্বাহী অফিসার, বামনা জানান যে,** আশ্রায়ন-২ প্রকল্পের আওতায় ১ম পর্যায়ে ১৭টি গৃহ নির্মাণ করা হয়েছে এবং ২য় পর্যায়ে প্রাপ্ত ৪০টি ঘরের মধ্যে ইতোমধ্যে ৩১টি ঘরের বাস্তবায়ন কাজ সম্পন্ন করা হয়েছে এবং উক্ত গৃহসমূহে উপকারভোগী বসবাস করছেন। অবশিষ্ট ৯টি গৃহের জন্য প্রস্তাবকৃত নির্বাচিত স্থানে শীঘ্রই কাজ শুরু করা হবে। এছাড়া ৩য় পর্যায়ে ৭০টি ঘরের প্রস্তাব করা হয়েছে এবং এজন্য দক্ষিণ রামনা (উত্তর কাকচিড়া)-তে প্রকল্প নির্বাচিত স্থান প্রস্তুত করা হয়েছে।<br>প্রাসংগিক আলোচনায় তিনি আরও উল্লেখ করেন যে, ব্যক্তি পর্যায়ে (উপজেলা চেয়ারম্যান মহোদয়-১টি, ডৌয়াতলা চেয়ারম্যান মহোদয়-১টি)২টি, উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে-১টি ও উপজেলা প্রশাসনের অর্থায়নে-১টি সহ মোট অতিরিক্ত ৪টি গৃহ নির্মাণের বাধ্যবাধকাতা রয়েছে। ইতোমধ্যে উপজেলা চেয়ারম্যান মহোদয়-১টি, উপজেলা প্রশাসনের অর্থায়নে-১টিসহ ০২টি ঘরের নির্মাণ কাজ শেষ হয়েছে এবং উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে বরাদ্দকৃত গৃহের জন্য বুকাবুনিয়া ইউনিয়নের বাটাজোর মৌজায় মোঃ আব্দুল্লাকে নির্বাচন করা হয়েছে। উক্ত উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে উপজেলা চেয়রম্যান মহোদয় প্রস্তাব করেন এবং চেয়ারম্যান, বুকাবুনিয়া ইউনিয়ন পরিষদ উক্ত প্রস্তাব সমর্থন করেন। উক্ত উপকারভোগী সম্পূর্ণ ভূমিহীন নয় তবে অত্যন্ত গরীব এবং গৃহ পাওয়ার যোগ্য। এমতাবস্থায়, সার্বিক দিক বিবেচনায় উপজেলার রাজস্ব তহবিলের অর্থায়নে বরাদ্দকৃত গৃহটি উক্ত উপকারভোগীকেপ্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ডৌয়াতলা চেয়ারম্যান পরিষদ প্রদত্ত গৃহ নির্মাণের কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করা প্রয়োজন।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার সভায় উল্লেখ করেন যে, জাইকা অর্থায়নে অনুমোদিত UGDP প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থ | ১। আশ্রয়ন-২ প্রকল্পের আওতায় ২য় পর্যায়ে প্রাপ্ত ৪০টি ঘরের মধ্যে অবশিষ্ট ০৯টি ঘরের বাস্তবায়ন কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>২। উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে প্রদত্ত গৃহের কাজ দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br>৩। চেয়ারম্যান, ডৌয়াতলা ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত ১টি গৃহের বাস্তবায়ন কাজ দ্রুত আরম্ভ করতে হবে।<br>৪। ২০২০-২০২১ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে অবিলম্বে ফার্ণিচার ক্রয়ের উদ্যোগ গ্রহণ করতে হবে। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>(২) উপজেলা নির্বাহী অফিসার<br>(৩) উপজেলাপ্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বছরে ৫০ লক্ষ টাকার (অতিরিক্ত ১০ লক্ষ টাকাসহ) বিনিয়োগ/অবকাঠামোগত প্রকল্পসহ ১০ লক্ষ টাকার দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালার কার্যক্রম পরিচালনার জন্য ২য় তলার হলরুম প্রস্তুত করা প্রয়োজন। এজন্য ২০২০-২০২১ অর্থ বছরের উপজেলা পরিষদের অর্থায়নে ক্রয়যোগ্য আসবাবপত্র খাত হতে অবিলম্বে চেয়ার-টেবিল ক্রয় করার প্রস্তাব উত্থাপিত হলে সভা সর্বসম্মতিক্রমে একমত পোষণ করে | | |
| ০২. | উপজেলা প্রকৌশল বিভাগ | ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, UGDP প্রকল্পের আওতায় প্রস্তাবিত প্রশিক্ষণ/কর্মশালয় নির্মাণ শ্রমিকদের প্রশিক্ষণ গ্রহণ করা যেতে পারে।<br>খ) উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের, নির্বাহী অফিসার মহোদয়ের ও উপজেলা প্রকৌশলীর এর অফস কক্ষসমূহের অভ্যন্তরীণ ডেকোরেশন (Interrior design) এর জন্য ২০ লক্ষ টাকার প্রস্তুতকৃত প্রাক্কলন অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা যেতে পারে। এছাড়া অফিসার্স ক্লাবের নিচের ৩টি পরিত্যাক্ত কক্ষ, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের ছাদ এবং পরিষদের ২য় তলার ছাদে দ্রুত মেরামত করা প্রয়োজন। এমতাবস্থায়, উপর্যুক্ত কক্ষসমূহের মেরামত ও সংস্কার কাজসহ প্রয়োজনীয় প্রাক্কলন প্রণয়নের প্রস্তাব সভায় উত্থাপন করলে সর্বসম্মতিক্রমে একমত পোষণ করা হয়।<br>গ) উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, অফিসার্স ক্লাবের নিচে ৩টি রুম পরিত্যাক্ত অবস্থায় আছে। গত মিটিং এর সিদ্ধান্ত অনুযায়ী রুম তিনটি মেরামতের জন্য ৫.০০ লক্ষ টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। | ক) ২০২০-২০২১ অর্থ বছরে UGDP প্রকল্পের প্রশিক্ষণ কর্মসূচিতে নির্মাণ শ্রমিকদের দক্ষতা উন্নয়নের লক্ষে প্রস্তাব গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) উপজেলা পরিষদের প্রস্তাবিত উপর্যুক্ত ৩টি কক্ষের অভ্যন্তরীণ ডেকোরেশনের প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনুমোদনের জন্য প্রাক্কলন প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) অফিসার্স ক্লাবের নিচের পরিত্যাক্ত ৩টি কক্ষ, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের ছাদ এবং পরিষদের ২য় তলায় অবস্থিত হলরুমের ছাদের মেরামত ও সংস্কার কাজ দ্রুত সম্পন্নকরতঃ ব্যবহার উপযোগী করার লক্ষে প্রাক্কলন প্রস্তুতসহ দ্রুত প্রয়োজনীয় কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | (১) চেয়ারম্যান, উপজেলাপরিষদ<br>(২) উপজেলানির্বাহী অফিসার<br>(৩) উপজেলাপ্রকৌশলী |
| ০৩. | চেয়ারম্যান, ২নং বামনা সদর ইউনিয়ন পরিষদ | চৌধুরী কামরুজ্জামান, চেয়ারম্যান, বামনা সদর, সভায় অবহিত করেন যে, UGDP প্রকল্পের আওতায় ভূমি জরিপ ও ভূমি ব্যবস্থাপনার আওতায় দক্ষতা উন্নয়নমূলক একটি প্রশিক্ষণ/কর্মশালর আয়োজন করা যেতে পারে।<br>চেয়ারম্যান, বামনা সদর ইউনিয়ন পরিষদ সভায় আরও জানান যে, উপজেলা সমাজসেবা অফিস হতদরিদ্র, অসহায় ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে নিয়ে কাজ করে কিন্তু অফিসে কাঙ্খিত মাত্রায় সেবা পাওয়া যায় না। এ বিষয়ে পূর্বে সভায় উত্থাপন করা হলেও অবস্থার কোন পরিবর্তন হয়নি। এ ব্যাপারে দ্রুত পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান।<br>প্রাসাংগিক আলোচনায় তিনি আরও জানান যে, হাট-বাজারের উন্নয়নের জন্য বকেয়া অর্থ পরিশোধ করা হলে প্রয়োজনীয়তার নিরীক্ষে স্কীম গ্রহণ করা যেতে পারে। এ প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, দীর্ঘদিনের বকেয়া পাওনা যাচাই-বাছাই সহকারে পরিশোধের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। শীঘ্রই হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্তক্রমে বকেয়া পাওনা পরিশোধের উদ্যোগ গ্রহণ করা হবে। | ১। UGDP প্রকল্পের আওতায় ভূমি জরিপ ও ভূমি সেবা সহজীকরণের লক্ষ্যে ভূমি ব্যবস্থাপনার উপর দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ/কর্মশালয় গ্রহণ করতে হবে।<br>২। সমাজসেবা অফিসের সেবার মান বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। বামনা উপজেলাধীন হাট-বাজারের উন্নয়নের বকেয়া টাকা পরিশোধসহ করণীয় বিষয়ে অবিলম্বে হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভা আহ্বান নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, বামনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪. | **চেয়ারম্যান, ৩নং রামনা ইউনিয়ন পরিষদ** | মোঃ নজরুল ইসলাম, চেয়ারম্যান, ৩নং রামনা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে UGDP প্রকল্পের আওতায় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সচিব, উদ্যোক্তা ও ইউপি সদস্যদের নিয়ে ভূমি ব্যবস্থাপনা কিংবা জন্ম মৃত্যু নিবন্ধন কার্যক্রম কিংবা নতুন সদস্যদের কর্মপরিধির ওপর দক্ষতা উন্নয়ন বিষয়ে একটি প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করা যেতে পারে। | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সচিব, উদ্যোক্তা ও ইউপি সদস্যবৃন্দের সমন্বয়ে ভূমি ব্যবস্থাপনার ওপর একটি প্রশিক্ষণ/কর্মশালয় আয়োজনের প্রস্তাব চূড়ান্ত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, বামনা। |
| ০৫. | উপজেলা স্বাস্থ্যও পরিবার পরিকল্পনা বিভাগ | **সভায় প্রতিনিধি স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বামনা জানান যে,** গত ৭ আগস্ট সরকার ঘোষিত গণটিকাদান কর্মসূচি বামনায় যথাযথভাবে বাস্তবায়িত হয়েছে। স্বাস্থ্য বিভাগের কার্যক্রম চলমান রয়েছে। বর্তমান কোভিড-১৯ এ পর্যন্ত বামনায় ২০২ জন পজেটিভ পাওয়া গেছে। এরমধ্যে ১৫৭ জন সুস্থ হয়ে বাড়ি ফিরে গেছেন এবং ৩৫ জন হোমআইসলিউশনের আছেন। বর্তমানে কোভিশীল ও সিনোফার্মা এ দুই ধরণের ভ্যাকসিন দিচ্ছি। ফেব্রুয়ারি ও মার্চ মাসে যারা কোভিশীল ১ম ডোজ দিয়েছিলেন যারা ২য় ডোজ সম্পন্ন করতে পারে নি তাদেরকে উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হযেছে। সিনোফার্মার প্রথম ও দ্বিতীয় ডোজ চলোান রয়েছে। এ পর্যন্ত ১৩২০৭ ডোজ করোনার ভ্যাকসিন দিয়েছি। ২ ডোজ সম্পন্ন হয়েছে ৩১১৯ জনের, ২য ডোজ বাকী আছে ১০০৮৮ জনের।<br>UGDP প্রকল্পের আওতায় করোনা মহামারী (কোভিড-১৯) মোকাবেলায় স্বাস্থ্য সচেতনতার ওপর স্বাস্থ্যকর্মীদের নিয়ে একটি প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করা যেতে পারে। | ক) সরকারি সকল কার্যক্রম সফলভাবে সম্পন্ন নিশ্চিত করার পাশাপাশি করোনা পরিস্থিতি নিয়ন্ত্রণ করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>খ) স্বাস্থ্যকর্মীদের নিয়ে করোনা মহামারীতে (কোভিড-১৯) স্বাস্থ্য সচেতনতা বিষয়ক একটি প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করা যেতে পারে। | উপজেলা স্বাস্থ্যও পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৬. | উপজেলা কৃষি বিভাগ | **কৃষি বিভাগের প্রতিনিধি জানান যে, কৃষি বিভাগের ডাইরেক্টর সরেজমি পরিদর্শন করে দুর্যোগ পরবর্তী আমনের আশিংক ক্ষতিকে পুষিয়ে নেওয়ার জন্য কৃষকের সাথে কথা বলেছেন। বামনা যেহেতু বোরো কম হয় এজন্য অন্যান্য উপজেলার থেকে বামনা বোর মৌসুমে বেশি প্রণোদনা দেয়ার আশ্বাস প্রদান করেন।** | গত ২৬-২৮ জুলাই,২০২১ খ্রি. তারিখ ০৩ দিন ব্যাপী প্রবল বর্ষণের কারণে ক্ষতিগ্রস্থ কৃসকের জন্য বোর মৌসুমে অধিক প্রণোদনা প্রাপ্তির জন্য কৃষি বিভাগ, বামনা পত্র প্রেরণসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | ১। উপজেলা কৃষি অফিসার<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| ০৭. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | **সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে,** তাদের ইএমআই কার্যক্রম চলমান আছে। ইতোমধ্যে ৭৪% রেজিস্ট্রেশন করা হয়েছে। বাকী রেজিষ্ট্রেশন এখন হবে না। আমাদের ৪টি ইউনিট শূন্য আছে এখানে কর্মী নেই। গত ১৮ তারিখ সার্কুলার হয়েছে কর্মী নিয়োগ হলো বাকী রেজিষ্ট্রেশন কাজ সম্পন্ন করা হবে। | অবিলম্বে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করে ইএমআই কার্যক্রম শতভাগ (১০০%) রেজিস্ট্রেশন সম্পন্ন নিশ্চিত করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৮. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | **উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে,** এ মৌসুমে গবাদী পশুর খুড়া রোগ দেখা দেয়। এ রোগের ভেকসিন আনা হয়েছে।<br>প্রসংগত নির্বাহী অফিসার জানান যে, গো-খাদ্য সংকটের জন্য প্রাণোদনা বা সরকারি কোন ব্যবস্থা আছে কিনা। এছাড়া মাঠ পর্যায়ে কতগুলো খামারী ক্ষতিগ্রস্থ হয়েছে তা যাচাই-বাছাই করে তালিকা প্রস্তুত করে প্রেরণের জন্য অনুরোধ করা হয়।<br>উপজেলা পরিষদের কর্মকর্তাবৃন্দ বিভিন্ন বিষয়ে বিভিন্ন সময়ে আন্তঃবিভাগীয় প্রশিক্ষণসহ অন্যান্য | ক) সরকারি সিদ্ধান্ত বাস্তবায়নসহ বিধি মোতাবেক অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>খ)সরকারি কর্মকর্তা/ কর্মচারীরা ও অফিসের স্টাফদের নিয়ে PPR, e-Gp ও অফিস ব্যবস্থাপনার উপর দক্ষতা উন্নয়নমূলক একটি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রশিক্ষণের সুযোগ সুবিধা পায়। কিন্তু কর্মচারীরা/স্টাফরা প্রশিক্ষণ পায় না। এজন্য সাধারণ কর্মচারী/স্টাফদের জন্য একটি প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করা যেতে পারে। | | |
| ০৯. | উপজেলা মৎস্য বিভাগ | **সভায় উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে,** জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ আগামী ২৮ আগস্ট থেকে ৩ সেপ্টেম্বর এক সপ্তাহ ব্যাপী চলমান থাকবে। এ বারের শ্লোগান "বেশি বেশি মাছ চাষ করুণ, বেকারত্ব দূর করুন"। কেন্দ্রীয় কর্মসূচির পাশা পাশি জেলা ও উপজেলা কর্মসূচি রয়েছে ৭ দিন ব্যপী। এছাড়া পোনা মাছ অবমুক্তির জন্য ৫৮ হাজার টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। সরকারি খামার বরগুনায় কথা হয়েছে পরিবহনসহ ৩০০ টাকা ধরে উপজেলায় পোনা সরবরাহ করবে। উক্ত বরাদ্দ দিয়ে ১৯৪ কেজি পোনা বিতরণ করা সম্ভব হবে। পোনা মাছ বিতরণের জন্য জলাশয় নির্বাচন করার জন্য সকলে দৃষ্টি আকর্ষণ করেন। ব্যক্তিগত পুকুরে পোনা মাছ দেয়া যাবে না। সরকারি বা প্রতিষ্ঠানিক মসজিদ, মন্দির, এতিমখানার জলাশয়ে পোনা মাছ অবমুক্ত করা যাবে। | ১। উপজেলা পর্যায়ে জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ যথাযথভাবে উদযাপন করতে হবে।<br>২। সরকারি নির্ধারিত সময়সূচি অনুযায়ী পোনা অবমুক্তকরণ কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, বামনা |
| ১০. | উপজেলা শিক্ষা বিভাগ | **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে,** প্রতিদিন শিক্ষকরা বিদ্যালয়ে যায় স্কুল আছে। গুলোল মিট এর মাধ্যমে ছাত্র-ছাত্রীদের ক্লাস চলমান আছে। এছাড়া শিশুদের বাড়িতে বাড়িতে ওয়ার্কশীট পৌছানো কার্যক্রম চলমান রয়েছে। | **সরকারি নির্দেশনা মোতাবেক ছাত্র/ছাত্রীদের পাঠদান অব্যাহত রাখতে হবে।** | উপজেলা শিক্ষা অফিসার |
| ১১. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে,** মাধ্যমিক শিক্ষা বিভাগের যে ওয়ার্কসপের কথা বলা হয়েছে। করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে ওয়ার্কসপের করা যেতে পারে। মাধ্যমিক শিক্ষা বিভাগের অ্যাসাইনমেন্টের কার্যক্রম চলমান রয়েছে। অ্যাসাইনমেন্টের কার্যক্রমে ছেলে মেয়ের উপস্থিতি কিছুটা কমে গেছে। পরীক্ষার্থীসহ সকলে উপস্থিত হলে ঝড়ে পড়ার হার কিছুটা কম হতো।<br>এছাড়া ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত যারা পড়ালেখা করে ব্যানবেইস কর্তৃক ইউনিক আইডি খুলার প্রকল্প আছে তৎপ্রেক্ষিতে সংশ্লিষ্ট স্কুলের প্রধান শিক্ষক ও কম্পিউটার শিক্ষকদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে।<br>প্রসংগত উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, বামনা সরকারি সারওয়ারজান পাইলট মডেল স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক জনাব এ এস এম হারুন অর রশিদ গত ১২ আগস্ট আকস্মিক মৃত্যু বরণ করেছেন। তিনি অত্যন্ত কর্মচঞ্চল, দক্ষ এবং অন্যন্ত জনপ্রিয় একজন শিক্ষক ছিলেন। আমি স্কুল প্রতিষ্ঠানের সভাপতি হিসেবে সকলের সম্মতিতে উপজেলা পরিষদের মাসিক উন্নয়ন/সমন্বয় সভার মাধ্যমে শোক প্রস্তাব রাখার অনুরোধ জানাচ্ছি। | **সরকারি নির্দেশনা মোতাবেক ছাত্র/ছাত্রীদের পাঠদান অব্যাহত রাখতে হবে।**<br>ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত সকল শিক্ষার্থী যাতে ইউনিক আইডি খুলতে পারে এজন্য স্কুল কর্তৃপক্ষকে যাথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হয়।<br>সর্বসম্মতিক্রমে প্রধান শিক্ষক জনাব এ এস এম হারুন অর রশিদ মৃত্যুতে শোক প্রস্তাব রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>(২) উপজেলা নির্বাহী অফিসার<br>(৩)উপজেলা শিক্ষা অফিসার |
| ১২. | উপজেলা সমাজ সেবা বিভাগ | **সভায় উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জানান যে,** সামাজিক বেষ্টনী কর্মসূচির আওতায় শতভাগ (১০০%) অনলাইনে আনয়নের ক্ষেত্রে একাধিক সমস্যার সম্মুখীন হতে হয়, যা রাতারাতি সমাধান করা সম্ভব নয়। তারপরও যে অভিযোগসমূহ উত্থাপিত হয়েছে, সে অভিযোগসমূহ আমলে নিয়ে উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, বরগুনা | ক) উপজেলা সমাজসেবা অফিসের বিরুদ্ধে অভিযোগের বিষয়টি আমলে নিয়ে সেবা প্রাপ্তির মান কাঙ্খিত মাত্রায় উন্নীত করতে হবে;<br>খ) কোন অসাধু স্টাফ কিংবা কোন অবসরজনিত স্টাফ | **উপজেলা সমাজ সেবা অফিসার** |



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, উপজেলা প্রশাসন, বামনা, বরগুনা

| | | | | |
|---|---|---|---|---|
| | | আগামী ২৫/০৮/২০২১খ্রি. বামনাতে আসবেন এবং খতিয়ে দেখবেন। প্রাসংগিক আলোচনায় সভাপতি উল্লেখ করেন কোন অসাধু স্টাফ চাকুরী হতে অবসরগ্রহণের পরও কেন অফিসের দাপ্তরিক কাজ করবেন এটা অবিলম্বে বন্ধ করার প্রস্তাবে সভা একমত পোষণ করেন। | কোন অবস্থাতেই দাপ্তরিক কার্যক্রম যাতে না করতে পারে সে বিষয়টি সমাজসেবা অফিসার নিশ্চিতকরতঃ পরবর্তী সভাকে অবহিত করেন। | |
| ১৩. | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | **সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা উল্লেখ করেন যে,** ডৌয়াতলা ইউনিয়নে যে ভিজিডির যে সমস্যা ৩০ জুনের মধ্যে সংশোধনের কথা ছিল ওয়েব সাইড বন্ধ হওয়ায় তা করা সম্ভব হয়নি। ৪টি নামের প্রতি মাসে ডিও দিয়ে যাচ্ছি। ডিও খাদ্যগুদামে পোকা মাকড়ে বিনষ্ট করছে। গ্রাহক পাচ্ছে না। উপজেলা পর্যায়ে উপজেলা কমিটির মাধ্যমে তদন্ত দেওয়া হয়েছিল। তদন্ত কমিটি রিপোট দাখিল করেন নি। | উপজেলা পর্যায়ে গঠিত তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন আগামী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে দাখিল নিশ্চিত করবে এবং তদানুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | **১। উপজেলা মহিলা বিষয়ক অফিসার** |
| ১৪. | উপজেলা সমবায় বিভাগ | সভায় উল্লেখ করা হয় যে, সমবায় বিভাগের অন্যান্য উপজেলায় জনবলের ঘাটতি রয়েছে। মন্ত্রণালয়ে যোগাযোগ করা হয়েছে। নতুন নিয়োগ নিয়ে শূন্য পদ পূরণ করা হবে। বিভাগীয় কার্যক্রম চলমান আছে। তিনি যুব উন্নয়ন বিভাগের সাথে সমন্বিতভাবে বেকার জনগোষ্ঠির আত্মকর্মসংস্থানের জন্য যুগপোযোগী একটি প্রশিক্ষণ প্রদানের আহ্বান জানান। | ক) বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে অব্যাহত রাখতে হবে এবং<br>খ) উপজেলা পর্যায়ে এ উপজেলার শূন্যপদসমূহ পূরণের লক্ষ্যে সর্বাত্মক যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **উপজেলা নির্বাহী অফিসার** |
| ১৫. | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ** | **সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে জানান যে,** এ অঞ্চল যেহেতু দুর্যোগ প্রবণ এলাকা সেহেতু ২০২০-২০২১ অর্থ বছরে UGDP প্রকল্পের আওতায় দুর্যোগের ঝুঁকি হ্রাস ও সামরিক দুর্যোগ ব্যবস্থাপনা উপর প্রশিক্ষণ গ্রহণ করা যেতে পারে। এতে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, ইউপি সদস্যসহ সকল কমিউনিটি এসে যায়। এ প্রশিক্ষণে সামগ্রিক বিষয়ে আলোচনা করা হয়। উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ ও গণ্যমান্য বক্তিদের নিয়ে বর্জ পাত থেকে রক্ষার জন্য প্রশিক্ষণ গ্রহণ করা যেতে পারে। এছাড়া বর্জ পাত থেকে রক্ষার জন্য রাস্তার পাশে তালগাছ রোপন প্রকল্প গ্রহণ করা যেতে পারে।<br>আমার গত বছরে কাজ প্রায় শেষ পর্যায়ে। বৃষ্টির কারণে কিছু কাজ করা সম্ভব হয় নি বিধায় এখন কাজ সমাপ্তির পথে। এই অর্থ বছরে অতি দরিদ্রের জন্য কর্মসংস্থান কর্মসূচির শ্রমিক মজুরী ২০০ টাকার পরিবর্তে বৃদ্ধি করে ৪০০ টাকা করা হয়েছে এবং মোবাইল এসএমএসর মাধ্যমে শ্রমিকরা টাকা পাবে। সরকার সবকিছুতে স্বচ্ছতা ও ডিজিটালের দিকে যাচ্ছে। এছাড়াও ট্যাগ অফিসারা যারা মাঠে কষ্ট করে তাদের কোন সম্মানি ছিল না যা ২০০০ করে ২ পর্যায়ে ৪০০০ টাকা সম্মানি পাবে। ২০২১-২০২২ অর্থ বছরে বরাদ্দ পেলে শ্রমিক নতুন করে নেওয়া হবে যেহেতু শ্রমিকরা মোবাইলের মাধ্যমে টাকা পাবে এজন্য জাতীয় পরিচয়পত্রসহ সকল ধরণের তথ্য জমা নেওয়া হবে। | ক) UGDP এর অর্থায়নে দুর্যোগের ঝুঁকি হ্রাস, সাময়িক দুর্যোগ ব্যবস্থাপনা ও বর্জপাত থেকে রক্ষার জন্য রাস্তার পাশে তালগাছ রোপন করার উপর একটি প্রশিক্ষণ/কর্মশালা গ্রহণ করা যেতে পারে।<br>খ) অতি দরিদ্রদের জন্য অর্থসংস্থান কর্মসূচির আওতায় শ্রমিক মজুরী বৃদ্ধি ও ট্যাগ অফিসারের সম্মানি প্রদান সংক্রান্ত সরকারি নির্দেশনা অবিলম্বে ইউনিয়ন পরিষদসহ সংশ্লিষ্ট সকলকে দাপ্তরিকভাবে অবহিত করতে হবে। | **(১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ**<br>**(২) উপজেলানির্বাহী অফিসার**<br>**(৩) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার** |



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার উপজেলা প্রশাসন, বামনা, বরগুনা

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | সভায় জানান হয় যে, অফিসিয়াল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। প্রতিষ্ঠানিক ও অপ্রতিষ্ঠানিক টেনিং যেটা ৬ মাসের কোর্স আছে বামনা উপজেলা থেকে কম্পিউটার প্রশিক্ষণের জন্য ১০ জনকে বরুগনা ইটবাড়িয়া যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রে পাঠানো হয়েছে। UGDP প্রকল্পের আওতায় বেকার যুবকদের জন্য আত্মকর্মসংস্থান সৃষ্টির জন্য মোবাইল সার্ভিসিং এবং কার ড্রাইভিং এর প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে। | বেকার যুবকদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে মোবাইল সার্ভিসিং এবং কার ড্রাইভিং এর ওপর একটি প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করা যেতে পারে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৭. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | সভায় জানান যে,কোভিড -১৯ পরিস্থিতিতে অসহায়দের মাঝে ঋণ বিতরণ করছি। পরবর্তীতে বরাদ্দ আসলে চাহিদা অনুযায়ী ঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রাখব। আপনাদের সহযোগিতার মাধ্যমে জনগণের সেবা অব্যাহত রাখব। তিনি অপ্রধান খাদ্যশস্য (যেমন আদা, রসুন, পেয়াজ ইত্যাদি) এর ওপর একটি প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা যেতে পারে। | অপ্রধান খাদ্যশস্য (যেমন আদা, রসুন, পেয়াজ চাষীদের উদ্বুদ্ধকরণের উপর প্রশিক্ষণের বিষয়টি পরবর্তী অর্থ বছরে বিবেচনা করা যেতে পারে। | ১। উপজেলা নির্বাহী অফিসার,<br>২।উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৮. | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে UGDP প্রকল্পের আওতায় কমিউনিটি লেট্রিন বা পাবলিক টয়লেট নির্মাণ করার প্রস্তাব উপস্থাপন করেন।<br>মুজিব বর্ষের ১ম ও ২য় পর্যায়ের টিউবওয়েল বসানোর কার্যক্রম চলমান। আমাদের ৩টি প্যাকেজ ১) সমগ্র দেশে নিরাপদ পানি, ২)রুরাল পাইপ লাইন সাপ্লাই, ৩) কমিটিউনিটি ভিত্তিক পানি সরবরাহ এর মধ্যে গুরুত্বপূর্ণ হলো রুরাল পাইপ লাইন সাপ্লাই আগে পৌরসভা ভিত্তিক করা হতো এখন উপজেলা ভিত্তিক চলে আসছে। এজন্য স্থান নির্বাচন প্রয়োজন। নিরাপদ পানি সরবরাহের যে কমিটি এবং কমিউনিটি ভিত্তিক পানি নিয়ে সভা করা প্রয়োজন ওয়াটসান কমিটির সদস্যদের নিয়ে। | নিরাপদ পানি সরবরাহের লক্ষ্যে অবিলম্বে ওয়াটসন কমিটির সভা আহ্বান নিশ্চিত করতে হবে। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>(২) উপজেলা নির্বাহী অফিসার<br>(৩)উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ১৯. | ভারপ্রাপ্তকর্মকর্তা এসএফপিসি বনবিভাগ | ভারপ্রাপ্ত কর্মকর্তা এসএফপিসি বন জানান যে, রামনা লঞ্চঘাট সংলগ্ন চাম্বল গাছটি স্তুপ করে রাখা হয়েছে। টেন্ডারের মাধ্যমে বিক্রয় করা হবে। ক্ষতিগ্রস্থ পরিবারের তালিকা উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করা হয়েছে।<br>প্রসংগ উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, রাস্তার উপর কোন সরকারি গাছ কাটতে হলে কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে। জনগুরুত্বপূর্ণ কাজের জন্য যদি গাছ সরান দরকার হয় তাহলে আমাদেরকে অবহিত করবেন আমরা বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করব।<br>প্রাসংগিক আলোচনায় ভারপ্রাপ্ত কর্মকর্তা এসএফপিসি বন বলেন যে, বাগান চাষীদের দক্ষতা উন্নয়নের জন্য নার্সারি মালিকদের নিয়ে একটি উদ্বুদ্ধকরণ কর্মশালার প্রস্তাব করেন। | ক) রামনা লঞ্চঘাটের সন্নিকটে রক্ষিত চাম্বল গাছটি বিধি মোতাবেক টেন্ডারের মাধ্যমে বিক্রয় করতে হবে।<br><br>খ) নার্সারি ও বাগান মালিকদের দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ কর্মশালাটি আগামী অর্থ বছরে বিবেচনা করা যেতে পারে। | (১) ভারপ্রাপ্ত কর্মকর্তা এসএফপিসি বন |
| ২০. | উপজেলা আনসার ভিডিপি অফিস | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গত ৩ সেপ্টেম্বর ২০২০ তারিখ উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনসহ শারীরিক নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত ১৫ জন আনসার সদস্যে নিয়োগ দেওয়া হয়। এদের থাকার জন্য কোন ব্যবস্থা ছিলনা। উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় ও উপজেলা নির্বাহী অফিসারের যৌথ উদ্যোগে তাদের থাকার ব্যবস্থা করা হয়। | (ক)উপজেলা রাজস্ব তহবিল দ্বারা নির্ধারিত ১৫ লক্ষ টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে দাখিলকৃত প্রাপ্ত/ নির্ধারিত ডিজাইন মোতাবেক দ্রুত আনসারদের আবাসনের জন্য ব্যারাক নির্মাণ কার্যক্রম আগামী ২০২১-২০২২ | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকৌশলী, বামনা।<br>৩। উপজেলা আনসার ভিডিপি অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ইতোমধ্যে ১৫ লক্ষ টাকা ব্যয়ে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যারাক নির্মাণের জন্য ডিজাইন ও প্রাক্কলন পাওয়া গিয়েছে। গত অর্থ বছরের শেষের দিকে নির্মাণের কাজ শুরু হওয়ার কথা ছিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের স্বল্পতার জন্য এই ২০২১-২০২২ অর্থ বছরে নির্মাণ করা হবে। | অর্থবছরে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) আনসারদের ব্যারাক নির্মাণের জন্য টেন্ডার কার্যক্রম আরম্ভ করতে হবে। | |
| ২১. | উপজেলা খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য বিভাগের প্রতিনিধি জানান যে, উপজেলা চেয়ারম্যান মহোদয়রা যে উপকারভোগীর তালিকা প্রেরণ করেছে তা জেলায় পাঠিয়ে দেওয়া হয়েছে। এছাড়া পারিবারিক সাইলো বিতরণের বরাদ্দ পাওয়া গেলে মাস্টাররোল অনুযায়ী বিতরণ করা হবে। এ প্রসংগে সভায় জানান যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অবশ্যই উন্নয়ন/সমন্বয় সভায় অংশগ্রহণ করতে হবে। | ক) ইউনিয়নওয়ারী প্রাপ্ত তালিকা মোতাবেক পারিবারিক সাইলো বিতরণ (প্রাপ্তি সাপেক্ষে) নিশ্চিত করতে হবে।<br>খ) উপজেলা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপজেলা উন্নয়ন/সমন্বয় সভায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বামনা।<br>২। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান |
| ২২. | উপজেলা দারিদ্র বিমোচন অফিস | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা জানান যে, কোভিড-১৯ এর কারণে ঋণ আদায়ের উপর জোর দেওয়া যাচ্ছে না। এটি একটি ননব্যাকিং আর্থিক প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি শুধু দরিদ্র মানুষের জন্য কাজ করে। এ বছর ক্ষুদ্র ও কুটির শিল্পে আমাদের প্রতিষ্ঠান থেকে ৭০২ ক্যাটাগরিতে ক্ষুদ্র ঋণ বিতরণ করা হবে। | বিতরণকৃত ঋণ আদায় কার্যক্রম আরও ত্বরান্বিত করতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার |
| ২৩. | ইন্সট্রাক্টর ইউআরসি | ইন্সট্রাক্টর ইউআরসি সভায় জানান যে, গত ২১/০৮/২০২১ তারিখে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের জুম মিটিং এ নির্দেশনা ছিল যে , বিদ্যালয়ে শিক্ষক উপস্থিত থাকবে। কোভিডকালীন অন্যান্য কার্ক্রমের সাথে সাথে google meet এ পাঠদান ও ওয়ার্কশীট কার্যক্রম চলমান আছে। google meet এ শ্রেণি পাঠদানের টেকনিকগুলো প্রতি বিদ্যালয় থেকে ২ জন করে শিক্ষকদের ৩ টি ব্যাচে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। কোভিডকালীন শিখন শেখানো কার্যক্রম আরো গতিশীল করতে ০১ সেপ্টেম্বর ২০২১ থেকে কোভিডকালীন শিখন ঘাটতি পূরণ, শিখন শেখানো পরিকল্পনা বিষয়ে বামনা উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের google meet এর মাধ্যমে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হবে। আর ওয়ার্কশীটগুলো বাড়ি বাড়ি শিক্ষার্থীর হাতে পৌছেছে কিনা তা আমাদের নিশ্চিত করতে হবে।ওয়ার্কশীটগুলো পুনঃরায় যখন বিদ্যালয়ে শিক্ষার্থীরা জমা দিবে সঠিকভাবে মূল্যায়ন হয় কিনা এ কাজটি উপজেলা শিক্ষা অফিসারের সাথে যৌথভাবে সমন্বয়ের মাধ্যমে বিদ্যালয় পরিদর্শন করে মনিটরিং করা হবে।<br>উপজেলা রিসোর্স সেন্টারের সামনে একটা ডোবা আছে এজন্য অফিসের সৌন্দর্য নষ্ট হচ্ছে। ওখানে রিং দিয়ে ডোবাটা ভরাট করার জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। | ক) উপজেলা রিসোর্স সেন্টারের সম্মুখের ডোবা ভরাটপূর্বক অফিসের সৌন্দর্য বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বিবেচনা করতে পারে এবং<br><br>খ) প্রাথমিক শিক্ষকদের দক্ষতা ও শিক্ষা পদ্ধতির উন্নয়নের লক্ষ্যে Digital Content তৈরিসহ মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিচালনার ওপর একটি প্রশিক্ষণ/ কর্মশালা আয়োজন করতে হবে। | ইন্সট্রাক্টর, ইউআরসি |



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রশাসন, বামনা, বরগুনা

| | | | | |
|---|---|---|---|---|
| ২৪. | আমার বাড়ি আমার খামার ও পল্লী সংঞ্চয় ব্যাংক | সভায় জানান যে, আমার বাড়ি আমার খামার ৩০ জুন বিলুপ্ত হয়ে এখন পল্লী সংঞ্চয় ব্যাংক হয়েছে। লকডাউনের কারণে ঋণ আদায় কিছুটা সমস্যা হয়েছে। এ মাসে ঋণ আদায় পরিস্থিতি ভাল আছে। কোভিড-১৯ উপলক্ষ্যে স্পেশাল ঋণ বিতরণ করা হয়েছে ৪৪লক্ষ টাকা। প্রতিটি সমিতির সদস্যদের কাছ থেকে সঞ্চয় আদায় কার্যক্রম চলমান আছে। | ঋণ আদায়ের ক্ষেত্রে সমিতির পরিদর্শন কার্যক্রম চলমান রাখতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২।ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২৫. | তথ্য আপা | করোনা সংক্রমন উর্ধ্বগতি হওয়ায় বর্তমানে উঠান বৈঠক বন্ধ রয়েছে। পরবর্তীতে সরকারি নির্দেশনা পাওয়া গেলে এ কার্যক্রম পুনরায় চালু করা হবে। | গ্রামীণ মহিলাদের সেবার কার্যক্রম আরও ত্বরান্বিত করাসহ সরকারি নির্দেশনা প্রাপ্তির সাথে সাথেই উঠান বৈঠকের আয়োজন করতে হবে। | ১। উপজেলানির্বাহী অফিসার<br>২। তথ্য আপা |
| ২৬. | উপজেলা পল্লী বিদ্যুৎ বিভাগ | গত সভায় পল্লী বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি জানান যে, উপজেলার বিভিন্ন কোয়ার্টারের বকেয়া বিদ্যুত বিল পরিশোধের জন্য। বছরের শুরুতে যদি সমন্বয় কারা যায় তাহলে ভাল হবে। সেপ্টেম্বর মাসের ১ম সপ্তাহে গাছের ডাল পালা কাটার প্রোগ্রাম আছে আমাদের বন বিভাগের সহায়তায় ডাল পালা কাটা হবে। | উপজেলা পরিষদের আবাসিক ভবনে বসবাসরত এলোটীবৃন্দ পল্লী বিদ্যুৎ বিভাগের সাথে সমন্বয়পূর্বক বকেয়া বিল পরিশোধের উদ্যোগ গ্রহণ করতে পারেন। | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ বিভাগ, বামনা |
| ২৭. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ইউডিএফ সভায় জানান যে, প্রকল্প সম্পর্কে সাম্যক ধারণ দেন। তিনি জানান ২০২০-২০২১ অর্থ বছরের বামনা উপজেলা পরিষদ ৬০ লক্ষ টাকা বরাদ্দ পাবে। অত্র বরাদ্দ থেকে ১০ লক্ষ টাকা সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প খাতে ব্যয় করতে হবে। বাকী ৫০ লক্ষ টাকার অবকাঠামো উন্নয়ন খাতে ব্যয় করতে হবে। সংশ্লিষ্ট দপ্তর প্রধানবৃন্দের দাখিলকৃত প্রস্তাবনার মধ্যে যাচাই-বাছাই অন্তে অগ্রাধিকার সেক্টর বিবেচনায় ৭/৮টি স্কীম গ্রহণ করা যেতে পারে। এছাড়া আগামী ৩০/০৯/২০২১খ্রি. এর মধ্যে অবকাঠামো উন্নয়ন প্রকল্পের প্রস্তাবনা পাওয়া একান্ত প্রয়োজন। | ক) প্রকল্প বাছাই কমিটির সুপারিশ মোতাবেক নিম্ন লিখিতি প্রকল্পগুলো প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট ঢাকায় প্রেরণের লক্ষ্যে দপ্তর প্রধানগণকে প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>প্রকল্প সমূহঃ<br>১) ভূমিসেবা সহজীকরণ ও আধুনিকায়নে সরকারি কর্মকর্তা, কর্মচারী ও স্থানীয় জনপ্রতিনিধিদের নিয়ে সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ;<br>২) প্রাথমিক শিক্ষকদের দক্ষতা ও শিখন পদ্ধতির উন্নয়নের লক্ষ্যে Digital Content তৈরিসহ মাল্টিমিডিয়া ক্লাস পরিচালনা বিষয়ক প্রশিক্ষণ;<br>৩) সমসাময়িক চাহিদা পূরণের লক্ষ্যে মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের অনলাইন ক্লাস, আইসিটি ও স্বাস্থ্যবিধি বিষয়ক দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ;<br>৪) মৎস্য চাহিদা পূরণের লক্ষ্যে স্থানীয় মৎস্য চাষীদের পাবদা ও গুলিশা মিশ্রচাষ বিষয়ে সক্ষমতা বৃদ্ধি ও দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ;<br>৫) বৈশ্বিক করোনা মহামারী (কোভিড-১৯) মোকাবেলায় স্বাস্থ্যকর্মীদের (কমিউনিটি হেলথ কেয়ার, প্রোভাইডার, | (১) উপজেলা নির্বাহী অফিসার<br>(২) ইউডিএফ, ইউজিডিপি |



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার উপজেলা প্রশাসন, বামনা, বরগুনা

| | | | | |
|---|---|---|---|---|
| | | | নার্স, স্বাস্থ্য পরিদর্শক ও সহকারী স্বাস্থ্য পরিদর্শক)করণীয় বিষয়ে প্রশিক্ষণ;<br>৬) নির্মাণ কাজের মানোন্নয়নের লক্ষ্যে রাজমিস্ত্রি ও রড়মিস্ত্রিদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ;<br>৭) উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের ppr ও e-Gp বিষয়ক প্রশিক্ষণ;<br>৮) আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে পিছিয়ে পড়া গ্রামীণ মহিলাদের ব্লক বাটিক, এপ্লিক বেডসীট ও কুশান কভার তৈরি বিষয়ক দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ;<br>খ) অবকাঠামো/বিনিয়োগ প্রকল্পের প্রস্তাব আগামী ৩০/০৯/২০২১খ্রি. এর মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে। | |
| ২৮. | পানি উন্নয়ন বোর্ড | পানি উন্নয়ন বোর্ড এর প্রতিনিধি সভায় জানান যে, বামনা উপজেলায় অসংখ্য স্লুইজ আছে। এগুলো পরিচালনার জন্য পানি উন্নয়ন বোর্ড এর কর্মচারী ছিল। বর্তমানে এ পদগুলো বিলুপ্ত হয়েছে। কবে হবে আমাদের জানা নেই। স্লুইজের গেইটগুলো রক্ষণাবেক্ষণ ও পরিচালনার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়রা কমিটি গঠন করে দেন। এই কমিটির মাধ্যমে এটি পরিচালনা করা হয়।<br>এ প্রসংগে রামনা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে, নির্বাহী প্রকৌশলী মহোদয় যদি স্লুইজের গেইটগুলো রক্ষণাবেক্ষণ ও পরিচালনা জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের কাছে ইউনিয়নে স্লুইজ গেইট উল্লেখ করে কমিটি করার জন্য চিঠি দেয় তাহলে আমরা কমিটি গঠন করে আমাদের লোক দিয়ে স্লুইজের গেইটগুলো রক্ষণা বেক্ষণ ও পরিচালনা করব। এছাড়া যে সমস্ত স্লুইজ গেইট নষ্ট এগুলো দ্রুত মেরামত করার পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। পানি উঠা নামার উপর নির্ভর করে কৃষকদের জীবন মরন। আমাদের এলাকা হলো বন্যা প্রবণ এলাকা। এজন্য সঠিক সময়ে পানি উঠা নামার ব্যবস্থা থাকা দরকার। | ক) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ তার স্ব স্ব অধিক্ষেত্রের স্লুইজ গেইটের সংখ্যা নির্ধারণপূর্বক অবিলম্বে কমিটি গঠনকরতঃ উপজেলা পরিষদকে অবহিত করতে হবে।<br>খ) ইউনিয়ন পরিষদ হতে প্রস্তাব প্রাপ্তির পর স্লুইজ গেইটসমূহ পরিচালনার বিষয়ে পানি উন্নয়ন বোর্ডের সাথে আলোচনাপূর্বক সমন্বিতভাবে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২৯. | | সরকারি বিধি আলোচনা ও পর্যালোচনা | | |
| ৩০. | | মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশের উপর আলোচনা | | |

৩। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৮/২০২১

(মোঃসাইতুল ইসলাম লিটু)
চেয়ারম্যান
উপজেলাপরিষদ
বামনা, বরগুনা।

স্মারক নং-০৫.১০.০৪১৯.০০৩.০৬.০০৩.২১- ৩৯২ তারিখ: ২৪-০৮-২০২১ খ্রি.

<u>সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:</u>

১। জনাব শওকত হাচানুর রহমান রিমন, মাননীয় সংসদ সদস্য, ১১০-বরগুনা-২ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, বামনা, বরগুনা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ, বরিশাল।
৫। জেলা প্রশাসক, বরগুনা।
৬। উপজেলা ........................................................ কর্মকর্তা, বামনা, বরগুনা।
৭। সহকারীপ্রোগ্রামার, উপজেলানির্বাহীঅফিসারেরকার্যালয়, বামনা, বরগুনা (তাঁকেসভারকার্যবিবরণীউপজেলারওয়েবসাইটেআপলোড করার প্রয়োজনীয়ব্যবস্থাগ্রহণেরঅনুরোধসহ)।
৮। চেয়ারম্যান, বুকাবুনিয়া/বামনা/রামনা/ডৌয়াতলা ইউনিয়ন পরিষদ, বামনা, বরগুনা।
৯। জনাব ............................................................

২৪/০৮/২০২১
(বিবেক সরকার)
মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
বামনা, বরগুনা।